চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণের অভিযানে গাঁজাসহ আটক ১

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে এ সময় গাঁজা সহ ১ জনকে আটক করা হয়েছে।

আজ সোমবার দুপুর দুইটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়ার নেতৃত্বে ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান ও উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন সহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় থেকে সদর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে চুয়াডাঙ্গা সদর উপজেলার হকপাড়ার মৃত খোকনের ছেলে আসামি মো:অপু (২৮) কে সদর থানাধীন হকপাড়াস্থ আসামির নিজ দখলীয় বসতঘর হইতে ০১ কেজি গাঁজা সহ তাকে গ্রেপ্তার করা হয়।

উক্ত গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা সদর উপজেলার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার ০৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

ঝিনাইদহে বিদেশী পিস্তল ও ২ রাউন্ড গুলিসহ আটক ১

ঝিনাইদহে গোয়েন্দা পুলিশের বিশেষ অভিযানে ১টি বিদেশী পিস্তল, ১টি ম্যাগজিন ও ২রাউন্ড গুলিসহ একজনকে আটক করেছে।

আজ সোমাবার (৬অক্টোবর) সকাল সাড়ে দশটার দিকে জেলা গোয়েন্দা পুলিশের বিশেষ অভিযান চালিয়ে ঝিনাইদহ সদর উপজেলার দিঘীরপাড় গ্রামের শরিফুল ইসলামের দোকানের সামনের পাকা রাস্তার উপর থেকে তাকে আটক করা হয়।

ঝিনাইদহের পুলিশ সুপার আজিম-উল- আহসান সোমাবার দুপুরে পুলিশ সুপারের এর কার্যালয়ে প্রেসব্রিফিং করে এসব তথ্য জানান। প্রেসব্রিফিং এ তিনি আরও জানান একটি গোপন তথ্যের ভিত্তিতে সোমাবার সকালে জেলা গোয়েন্দা শাখার পরিদর্শক (ওসি) মোহাম্মদ জুয়েল ইসলাম এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার এস আই আবু সায়েম, এএসআই জাহিদ হাসানসহ একদল ফোর্স নিয়ে অভিযান পরিচালনা করে। এসময় আভিযানিক দলটি ১টি বিদেশী পিস্তল, ১টি ম্যাগজিন ও ২ রাউন্ড গুলিসহ আসামী ইজাহারকে গ্রেপ্তার করে। ইজাহার মাগুরা জেলার খিলগাতি বাজার এলাকার মৃত আঃ লতিফ মোল্লার ছেলে।

প্রেসব্রিফিং আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া, মীর আবিদুর রহমান, ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহীন উদ্দিন, ডিবি’র ভারপ্রাপ্ত কর্মকর্তা জুয়েল ইসলাম প্রমুখ।

দামুড়হুদায় পুলিশের মাদক বিরোধী অভিযানে গাঁজাসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫০০ গ্রাম গাঁজাসহ রইচউদ্দীন (৪০) নামে একজনকে আটক করেছেন।

আজ মঙ্গলবার সন্ধ্যা ৬টার দিকে কার্পাসডাঙ্গার বাঘাডাঙ্গা গ্রাম থেকে। আসামী রইচউদ্দীন কার্পাসডাঙ্গা ইউনিয়নের কার্পাসডাঙ্গা ভুমিহীনপাড়ার আরজুল্লাহ’র ছেলে।

পুলিশ সূত্রে জানা যায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই ইমরান হোসেন, এএসআই মোঃ মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা কালে গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার সন্ধ্যা ৬টার দিকে দামুড়হুদা মডেল থানাধীন বাঘাডাঙ্গা গ্রামস্থ জনৈক ফারুক হোসান এর কলাবাগানের সামনে কার্পাসডাঙ্গা হতে বাঘাডাঙ্গাগামী পাকা রাস্তার উপর হতে ৫০০ গ্রাম গাঁজাসহ রইচউদ্দীন কে হাতেনাতে আটক করেন।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদা থানা পুলিশের অভিযানে গাঁজাসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ অভিযান চালিয়ে মিলন (৩৫) নামের এক মাদক কারবারি কে গাঁজা সহ আটক করেছে। আটককৃত মাদক কারবারি ভগিরাতপুর পুরাতনপাড়ার চাঁদ আলীর ছেলে।

থানা সূত্রে জানাগেছে, দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবিরের নেতৃত্বে থানার সেকেন্ড অফিসার এসআই আসাদুর রহমান আসাদ, এএসআই মঞ্জুর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান ডিউটি করার সময় গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন চারুলিয়া ব্রিজের পশ্চিম পার্শ্বে পাকা রাস্তার উপর থেকে মিলন হোসেন কে আটক করে।

এসময় আটককৃতর কাছ থেকে ৫’শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ। আটককৃত বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে ট্যাপেন্টাডলসহ আটক ১

আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫০ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধারসহ ১জনকে গ্রেফতার করেছে।

আজ শুক্রবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলার কয়রাডাঙ্গা গ্রাম

থেকে তাকে আটক করে।

আটক ব্যক্তি দামুড়হুদা উপজেলার গেপীনাথপুর গ্রামের আনোয়ার হোসেনের ছেলে শরিফুল ইসলাম (৩৬)।

পুলিশ সুত্রে জানা যায়, আলমডাঙ্গার কয়রাডাঙ্গা গ্রামের ব্রীজের উপর ট্যাপেন্টাডল ট্যাবলেট বেচাকেনা হচ্ছে বলে পুলিশের কাছে সংবাদ আসে। সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথের নির্দেশে এসআই (নিঃ) তারিফুজ্জামান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। পুলিশেরর অভিযানে ট্যাপেন্টাডল ট্যবলেটসহ শরিফুল ইসলামকে হাতে নাতে আটক হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য আইনে মামলা হয়েছে।

দর্শনা জয়নগর সীমান্তে ৬ টি সোনার বারসহ আটক ১

দর্শনা জয়নগর সীমান্তে ৬৪ লক্ষ টাকা মৃল্যের ৬ টি সোনার বারসহ এক পাসপোর্ট যাত্রীকে আটক করেছে ৬ বিজিবি।

জানাগেছে গতকাল বুধবার দুপুর আড়াইটার দিকে দর্শনা জয়নগর আইসিপি চেকপোষ্ট দিয়ে ভারতে স্বর্ন পাচারকালে পাসপোর্টধারী যাত্রী (পাসপোর্ট নম্বর-ই০০৫২৫০৩২) সোহাগ (২৩) কে আটক করে।

সে শরিয়তপুর জেলার জাজিরা থানার মেহেরআলী মাতবর কান্দী গ্রামের গোলাম মাওলা মাতবরের ছেলে।

বিজিবি জানায় গতকাল বুধবার দুপুরে বাংলাদেশ থেকে ভারতে স্বর্ন পাচার হবে এ সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসির নেতৃত্বে, দর্শনা আইসিপি চেকপোষ্ট কমান্ডার নায়েব সুবেদার আব্দুল জলিল সঙ্গীয় ফোর্সসহ সীমান্ত মেইন পিলার ৭৬ হতে আনুমানিক ১৫০ গজ বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত তার নজরদারী বৃদ্ধিসহ

গমনাগমনকারী যাত্রীদের বহনীয় লাগেজ ও অন্যান্য মালামাল গভীরভাবে তল্লাশী কার্যক্রম শুরু করে। বিজিবি তার লাগেজ তল্লাশী করে কিছুই পায়নি। পরে তার স্থানীয় একটি ক্লিনিকে নিয়ে তার শরীর এক্সরে করানো হলে শরীরের মলদ্বারে ধাতব জাতীয় বস্তু দেখতে পাওয়া যায়। মলদ্বারের ভিতরে অভিনব কায়দায় লুকায়িত ৭শ গ্রাম ওজনের ০৬টি স্বর্ণের বার দেখতে পায়। তার মলদ্বারের ভিতর থেকে ৬ টি স্বর্নের বার উদ্ধার করে। তার ব্যাগে থাকা ০১টি আইফোন ১৪ প্রো ম্যাক্স মোবাইল এবং তার কাছে থাকা ৮২৪ ভারতীয় রুপি ও বাংলাদেশী নগদ ৪ হাজার ৮শ টাকা জব্দ করে। ৬টি স্বর্নের বাজার মৃল্য ৬৪ লক্ষ টাকা।

এ ঘটনায় দর্শনা আইসিপি কমান্ডার আব্দুল জলিল বাদি হয়ে দর্শনা থানায় মামলা করেছেন। গতকালই স্বর্নের বারগুলি চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা প্রক্রিয়াধীন রয়েছে।

ঝিনাইদহে ঋণের চাপে চা দোকানি আত্মহত্যা ঘটনায় আটক ১

ঝিনাইদহ সদর উপজেলার হলিধানীতে ঋণের চাপে সিরাজুল ইসলাম সুরুজ নামের এক চা দোকানি আত্মহত্যার ঘটনায় তরিকুল ইসলাম নামের এক সুদের কারবারিকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল শুক্রবার সন্ধ্যায় উপজেলার ডাকবাংলা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত তরিকুল ইসলাম চুয়াডাঙ্গা সদর উপজেলার হাসনাহাটি গ্রামের মৃত শহর আলী মুন্সির ছেলে।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান জানান, গত ৮ সেপ্টেম্বর হলিধানী এলাকায় ঋণের চাপে চিরকুট লিখে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন সিরাজুল ইসলাম সুরুজ নামের এক চা দোকানী। এ নিয়ে গণমাধ্যমে গুরুত্ব সহকারে সংবাদ প্রকাশ করা হয়। পরবর্তীতে সিরাজুল ইসলাম সুরুজের স্ত্রী ছফুরা খাতুন বাদী হয়ে ছয়জনের নাম উল্লেখ করে ঝিনাইদহ সদর থানায় একটি আত্মহত্যার প্ররোচনার মামলা দায়ের করেন। বিষয়টি তদন্ত করে এজাহার নামীয় আসামী তরিকুলকে আমরা গ্রেফতার করতে সক্ষম হই। বাকি আসামিদের ধরতে

আমাদের অভিযান অব্যাহত রয়েছে।

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ আটক -১

আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ নাঈম ইসলাম (২৫) নামের এক যুবকে আটক করেছে।

গতকাল শুক্রবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলার বাড়াদি পূূর্বপাড়ার স্কুলের সামনে থেকে তাকে আটক ও ট্যাপেন্টা উদ্ধার করে পুলিশ।

আটক নাঈম ইসলাম বাড়াদি ব্রীজপাড়ার সালাউদ্দিন আহমেদের ছেলে।

পুলিশ সুত্রে জানা গেছে,আলমডাঙ্গার বাড়াদি পূর্বপাড়ার স্কুলের সামনে ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রি হচ্ছে বলে পুলিশের কাছে সংবাদ আসে। সংবাদের ভিত্তিতে থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথের নির্দেশে এসআই (নিঃ) আশিকুল হক, এএসআই (নিঃ) রওশন আলী সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযানবালে নাঈম ইসলামকে আটক করে পুলিশ।

এ সময় তার কাছ থেকে অবৈধ মাদকদ্রব্য ৫০ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

দামুড়হুদায় মাদক বিরোধী

অভিযানে ৩০পিস ইয়াবা ট্যাবলেটসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৩০পিস ইয়াবা ট্যাবলেটসহ মাদক সম্রাট কসাই কাজলকে আটক করেছে পুলিশ।

আটককৃত আসামি হলেন উপজেলার জয়রামপুর নওদাপাড়ার মোঃ ফজলুল হকের ছেলে খবির উদ্দিন ওরফে কসাই কাজল(৩৮)।

পুলিশ সূত্রে জানা গেছে আজ সোমবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবিরের নেতৃত্বে এস আই আরমান হোসেন ও এএসআই বিপ্লব কুমার দাস সঙ্গীয় ফোর্স সহ মাদক বিরোধী অভিযান পরিচালনা কালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন হাউলী ইউনিয়নের লোকনাথপুর ডিএস আদর্শ দাখিল মাদ্রাসার সামনে চুয়াডাঙ্গা টু দর্শনা গামী পাকা রাস্তার উপর থেকে ৩০পিস ইয়াবা ট্যাবলেট সহ হাতেনাতে গ্রেফতার করে আসামি খবির উদ্দিন ওরফে কসাই কাজলকে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর আটকের সত্যতা নিশ্চিত করে জানান,আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা পূর্বক আজ আদালতে প্রেরণ করা হয়েছে।

তিনি আরও বলেন, দামুড়হুদা মডেল থানা এলাকায় কোন প্রকার মাদকদ্রব্য কারবারি থাকবে না। জেলা পুলিশের সুযোগ্য পুলিশ সুপার মহোদয়ের নির্দেশনায় মাদক বিরোধী অভিযান চলমান থাকবে।

মেহেরপুরে ৯০ বোতল ফেন্সিডিলসহ আটক-১

মেহেরপুরে ৯০ বোতল ফেন্সিডিলসহ শের আলী(২৬) নামের এক ইজিবাইক চালককে আটক করেছে পুলিশ।

আজ শনিবার (১৬ সেপ্টেম্বর) দুপুর গোপন সংবাদের ভিত্তিতে পরিচালিত এক অভিযানে শের আলীকে আটক করে মেহেরপুর সদর থানা পুলিশ। আটককৃত শের আলী মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের ইসমাইল আলীর ছেলে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম বলেন,’মেহেরপুর যাদবপুর সড়ক দিয়ে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সদর থানা পুলিশের এস আই সঞ্জিত, এএসআই শাকিলসহ একটি টিম অভিযান চালিয়ে ৯০ বোতল ফেন্সিডিলসহ শের আলীকে আটক করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে হাসান ও মোকলেসুর রহমান নামের দুই মাদক কারবারি পালিয়ে যায়। এ সময় মাদক পরিবহনের কাজে ব্যবহৃত ব্যাটারি চালিত একটি ইজিবাইক জব্দ করেছে পুলিশ।

আটককৃত শের আলীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা পূর্বক জেলা আদালতে প্রেরণ করা হবে এবং পলাতক আসামিদের গ্রেপ্তারে অভিযন চলছে।